122

দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 AUG 1997
পৃষ্ঠা ১ কলাম ৮

# শহীদ উদ্দিন এ্যানির ছাত্রত্ব বাতিল

মামুন-অর-রশীদ

ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানির ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রত্ব আবার বাতিল হয়েছে। শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের একাডেমিক কমিটির এক সভায় সম্প্রতি তার ছাত্রত্ব বাতিল করা হয়। শহীদ উদ্দিন চৌধুরী এ্যানির ছাত্রত্ব বাতিল হওয়ায় এই দ্বিতীয় বারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়

(১৫ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## শহীদ উদ্দিন এ্যানির (প্রথম পাতার পর)

সিনেট থেকে তার সদস্যপদ বাতিল হয়ে যায়।

উল্লেখ্য, গত ২৪ জুলাই বিশেষ বিবেচনায় একাডেমিক কমিটির সিদ্ধান্ত মোতাবেক তাকে সাময়িকভাবে পুনর্ভর্তি করা হয়েছিল। গত ৫ আগস্ট ইন্সটিটিউটের পাঠানো এক চিঠিতে বলা হয়, "আপনি আর অত্র ইন্সটিটিউটের ছাত্র নন। আপনার যাবতীয় পাওনা অফিস হতে ফেরত নেয়ার জন্য অনুরোধ করা হলো।"